

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮ ভাদ্র ১৪২৫
১২ সেপ্টেম্বর ২০১৮

বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ২৫ বছর পূর্তি উপলক্ষে আমি প্রতিষ্ঠানটির কর্মকর্তা, কর্মচারী, বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

একটি দেশের শিল্পায়ন ও অবকাঠামোগত উন্নয়নে দীর্ঘমেয়াদী পুঁজি সরবরাহের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা বজায় রাখতে শক্তিশালী পুঁজিবাজারের প্রয়োজনীয়তা অপরিসীম। তাই আর্থিক খাতের অন্যতম স্তম্ভ পুঁজিবাজার বিকাশে আমরা সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রেখেছি।

একটি স্থিতিশীল, স্বচ্ছ, জবাবদিহিতামূলক পুঁজিবাজার গড়ে তুলতে আমরা বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি। পুঁজিবাজারকে সার্বিক দিক-নির্দেশনা প্রদান, আইন-কানুন প্রণয়ন এবং কার্যকরী নিয়ন্ত্রণের জন্য একটি শক্তিশালী নিয়ন্ত্রক সংস্থা গড়ে তোলা হয়েছে। কমিশনের আর্থিক স্বাধীনতা নিশ্চিত করা হয়েছে। কর্মকর্তাদের কর্মকালভের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে আইনি বিধান রাখা হয়েছে। এক্সচেঞ্জ ও তালিকাভুক্ত কোম্পানীর সুশাসন নিশ্চিত করার পাশাপাশি শেয়ার বাজারে লেনদেন কারচুপি ও অনিয়ম শনাক্তকরণসহ যথাযথ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ঢাকায় একটি স্পেশাল ট্রাইবুনাল গঠন করা হয়েছে। আমরা 'পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল' নামে একটি তহবিল গঠন করেছি। এ তহবিল থেকে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের মাঝে সহায়তা প্রদান করা হচ্ছে। আর্থিক প্রতিবেদনের স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা যাচাইয়ের জন্য ফিন্যান্সিয়াল রিপোর্টিং এ্যান্ড (FRA) প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অলটারনেটিভ ইনভেস্টমেন্ট) রুলস, ২০১৫ প্রণয়ন করা হয়েছে। ফলে তথ্য-প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্পে দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট হচ্ছে। আইপিও প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে আমরা বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ প্রণয়ন করেছি। বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির জন্য দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

আমি আশা করি, বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার পরিকল্পনা বাস্তবায়নে দেশের পুঁজিবাজার একটি অন্যতম চালিকাশক্তি হিসেবে ভূমিকা রাখতে সক্ষম হবে।

আমি বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


শেখ হাসিনা

